নিউবর্ন স্ক্রিনিং

# আপনার শিশুর স্বাস্থ্যের জন্য



NEW YORK STATE | Department of Health

## কেন আমার শিশুর পরীক্ষা করা হয়?

আপনার শিশু যতটা সম্ভব স্বাস্থ্যকর হবে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য। রক্ত পরীক্ষা আপনার শিশুর স্বাস্থ্য সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করে যা আপনি এবং আপনার ডাক্তার অন্যথায় নাও জানতে পারেন। নিউবর্ন স্ক্রিনিং প্রোগ্রামটি (Newborn Screening Program) এমন শিশুদের চিহ্নিত করে যাদের অনেকগুলি বিরল, কিন্তু চিকিৎসাযোগ্য রোগের মধ্যে একটি রয়েছে যা সরাসরি উপসর্গগুলি দেখায় না। দ্রুত রোগ নির্ণয় এবং উপচারের সাথে, গুরুতর অসুস্থতা এবং এমনকি মৃত্যুও প্রায়ই প্রতিরোধ করা যেতে পারে, তাই আপনার শিশুর নমুনা পরীক্ষা করা এবং আপনার শিশুর ডাক্তারকে ফলাফলগুলি রিপোর্ট করা আমাদের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ। আপনার শিশুর ফলাফল জানতে আপনার শিশুর ডাক্তারকে জিজ্ঞাসা করুন।

## নিউবর্ন স্ক্রিনিং কি নতুন?

না। প্রতিটি স্টেটের একটি নিউবর্ন স্ক্রিনিং প্রোগ্রাম আছে। নিউ ইয়র্ক প্রদেশের প্রোগ্রামটি জনস্বাস্থ্য আইন (Public Health Law) দ্বারা জারি করা হয়, এবং এটি 1965 সালে শুরু হয়। কিছু কিছু রোগ খুব অল্প বয়সে একটি শিশুর উপর প্রভাব ফেলতে পারে – এমনকি প্রথম কয়েক দিনের মধ্যেও। সময়মত পরীক্ষা এবং রোগ নির্ণয় চিকিৎসার উত্তমভাবে কাজ করার জন্য গুরুত্বপূর্ণ।

## আমার শিশুর কতগুলি রোগের জন্য পরীক্ষা করা হবে?

সংখ্যাটি 1965 সালে এক থেকে বেড়ে আজকের দিনে 45 এরও বেশি হয়ে গেছে। সেগুলি এই পুস্তিকায় তালিকাভুক্ত করা রয়েছে। যদিও এই রোগগুলি বিরল, নিউইয়র্কে প্রতিদিন জন্ম নেওয়া 300টি শিশুর মধ্যে 1 জনের এই রোগগুলির মধ্যে একটি থাকে। বেশিরভাগ রোগ গুরুতর এবং এমনকি মারাত্মকও হতে পারে। কোনও কোনওটি শিশুর বিকাশকের গতি কমিয়ে দিতে পারে, বুদ্ধিগত অক্ষমতা সৃষ্টি করতে পারে, শিশুর সংক্রমণের ঝুঁকি বাড়াতে পারে, বা সনাক্ত না করে হলে অন্য কোনও সমস্যা সৃষ্টি করতে পারে।

**তাই:**

**দ্রুত চিকিৎসা খুবই গুরুত্বপূর্ণ!**

## কিন্তু আমার শিশুকে দেখলে খুব সুস্থ মনে হয়। এই পরীক্ষাগুলি কি তাও জরুরি?

হ্যাঁ। নিউবর্ন স্ক্রিনিং প্রোগ্রাম দ্বারা চিহ্নিত রোগ থাকা বেশিরভাগ শিশুরা জন্মের পরেই রোগের কোন লক্ষণ দেখায় না এবং দেখতে সুস্থ হয়। এই বিশেষ ল্যাবরেটরি পরীক্ষাগুলির মাধ্যমে, আমরা এমন একটি শিশুকে শনাক্ত করতে পারি যার এই রোগগুলির মধ্যে একটি থাকতে পারে এবং শিশুর ডাক্তারকে আরও পরীক্ষা এবং বিশেষ যত্নের প্রয়োজনের জন্য বলতে পারি। বেশিরভাগ সময়ে, আপনার শিশুর লক্ষণগুলি দেখা দেয়ার বা অসুস্থ হওয়ার আগেই চিকিত্সা শুরু করা খুবই গুরুত্বপূর্ণ। অনেকগুলি রোগ জেনেটিক হয়, এবং সেগুলি শিশুর বাবা-মায়ের কাছ থেকে উত্তরাধিকারসূত্রে আসে।

প্রতিটি শিশুর দুটি জিন সেট থাকে – একটি তাদের মায়ের কাছ থেকে এবং অন্য একটি তাদের বাবার কাছ থেকে। কখনও কখনও শুধু একটি জিনের সেটে সমস্যা থাকে, কিন্তু যেহেতু অন্য সেটে তা থাকেনা তাই শিশু অসুস্থ হয় না। এই শিশুদের ক্যারিয়ার বলা হয়। যদিও এই শিশুরা অসুস্থ নয়, এর মানে হচ্ছে যে অন্তত একজন বা কখনও কখনও তাদের বাবা-মা উভয়ই ক্যারিয়ার হন। নিউবর্ন স্ক্রীনিং পরীক্ষাগুলি কখনও কখনও কিছু জেনেটিক রোগের ক্যারিয়ারগুলিকে সনাক্ত করতে পারে, তবে প্রোগ্রামটি **সমস্ত** ক্যারিয়ারগুলি খুঁজে বের করার জন্য ডিজাইন করা

হয়নি। *আপনার শিশুর ক্যারিয়ারের ফলাফল থাকলে জেনেটিক কাউন্সেলিং পাওয়া গুরুত্বপূর্ণ কারণ অধিকাংশ বাবা-মা যারা ক্যারিয়ার হন তারা সেটা জানেন না। কাউন্সেলররা আপনাকে এই তথ্যটি বুঝতে সহায়তা করতে পারে।*

## কিন্তু আমাদের পরিবারের শিশুদের কখনও সেরকম কোন স্বাস্থ্য সমস্যা হয়নি।

যে বাবা-মায়ের আগে থেকেই সুস্থ সন্তান আছে, তারা কোন সমস্যা আশা করে না, এবং তারা প্রায় সবসময়ই সঠিক হয়। কিন্তু তাও আপনার নতুন শিশুর এই রোগগুলির মধ্যে একটি থাকার একটি সম্ভাবনা রয়েছে। এই রোগগুলির মধ্যে প্রত্যেকটি খুব বিরল, এবং আপনার সন্তানের সেগুলির মধ্যে কোনওটি না থাকার চমৎকার সম্ভাবনা আছে, কিন্তু প্রতিদিন নিউইয়র্কে জন্ম নেওয়া 300 শিশুর মধ্যে 1 সেগুলি মধ্যে একটি থাকে। আপনার নতুন শিশুর জন্য একটি নেগেটিভ নিউবর্ন স্ক্রিন এটির গ্যারান্টি দেয় না যে আপনার ভবিষ্যতের শিশুরাও নেগেটিভ হবে। আপনার পরিবারের কারো কোনও রোগ না থাকলেও কিছু শিশু এবং বাবা-মা রোগের ক্যারিয়ার হতে পারে। অনেক পরিবার জেনেটিক কাউন্সেলিংয়ের জন্য যান যাতে তারা তাদের ভবিষ্যত শিশুদের এবং অন্যান্য পরিবারের সদস্যদের জন্য এই ঝুঁকিগুলি আরও ভালভাবে বুঝতে পারে। *এটি মনে রাখাও জরুরি যে নিউবর্ন স্ক্রীনিং এই জিনগত রোগগুলির ক্যারিয়ার হওয়া সকল শিশুকে খুঁজে বের করতে পারে না।* এই পরীক্ষাগুলি এই জেনেটিক রোগগুলি থাকা বেশিরভাগ শিশু খুঁজে বের করার জন্য ডিজাইন করা হয়েছে।

## আমার শিশুকে কিভাবে পরীক্ষা করা হয়?

সমস্ত পরীক্ষা শিশুর পায়ের গোড়ালি থেকে ছোট্ট ছিদ্র করে নেওয়া রক্তের একটি ছোট নমুনার উপর সঞ্চালিত হয়। রক্তটি একটি বিশেষ ফিল্টার কাগজে রাখা হয়। নমুনাটি সাধারণত জন্মের 24-36 ঘন্টা পর নেওয়া হয়। নমুনাটি অ্যালবানিতে রাজ্য স্বাস্থ্য বিভাগ (State Health Department)-এর পরীক্ষাগারে পরীক্ষার জন্য পাঠানো হয়।

## আমি কি পরীক্ষার ফলাফলগুলি পাব?

হাসপাতালের নার্সকে আপনার শিশুর ডাক্তার বা ক্লিনিকের জন্য নাম এবং অফিসের তথ্য জানাতে ভুলবেন না। ডাক্তারকে ফলাফল জানানো হবে এবং কোনও সমস্যা থাকলে তিনি অবিলম্বে আপনার সাথে যোগাযোগ করবেন। নিশ্চিত হওয়ার জন্য, যখন আপনি আপনার শিশুকে তার প্রথম চেক-আপের জন্য ডাক্তারের কাছে বা ক্লিনিকে আনবেন তখন ফলাফল সম্পর্কে জিজ্ঞাসা করুন। হাসপাতালের নার্স আপনাকে একটি গোলাপী ফর্ম দেবে, যা আপনাকে জানাবে যে আপনার শিশুর ডাক্তারের কাছ থেকে পরীক্ষার ফলাফলগুলি কীভাবে পেতে হবে।

## যদি সব পরীক্ষা স্ক্রিন-নেগেটিভ হয় তবে এর মানে কি এই যে আমার শিশু সুস্থ হবে?

নিউবর্ন স্ক্রিনিং প্রোগ্রাম একটি শিশুর থাকতে পারে এমন অনেক রোগের মধ্যে শুধু কয়েকটির খোঁজ করে। এ ছাড়া, এই রোগগুলি থাকা কিছু শিশুকে বিভিন্ন কারণে চিহ্নিত নাও করা যেতে পারে। আপনার নিজের শিশুকে তাদের সমস্ত চেক-আপগুলির জন্য ডাক্তারের কাছে বা ক্লিনিকে আনা উচিত। সবসময় অপ্রত্যাশিত লক্ষণ বা আচরণের জন্য আপনার শিশুর উপর নজর রাখুন এবং কোনও জিনিস ঠিক নেই বলে মনে হলে ডাক্তারকে অবিলম্বে ফোন করুন।

আপনার নতুন শিশুর জন্য একটি নেগেটিভ নিউবর্ন স্ক্রিন এটির গ্যারান্টি দেয় না যে

আপনার ভবিষ্যতের শিশুদের কোনও রোগ থাকবে না। এছাড়াও, নিউবর্ন স্ক্রীনিং এই জিনগত রোগের সব ক্যারিয়ার শিশুদের খুঁজে পায় না। ক্যারিয়ারদের একটি জিন পরিবর্তন থাকে কিন্তু তারা সুস্থ হয়। শিশুরা এবং তাদের বাবা-মায়েরা কোনও রোগের পারিবারিক ইতিহাস ছাড়াই ক্যারিয়ার হতে পারে। অনেক পরিবার তাদের ভবিষ্যত শিশুদের এবং অন্যান্য পরিবারের সদস্যদের রোগ ও ক্যারিয়ারের ঝুঁকিগুলি আরও ভালভাবে বোঝার জন্য জেনেটিক কাউন্সেলিংয়ে যায়।

অবিলম্বে শিশুর চিকিৎসা শুরু করবে। যদি আপনাকে আপনার শিশুর পুনঃপরীক্ষা করাতে বলা হয়, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার শিশুকে নিয়ে আসুন, যাতে আপনার শিশুর চিকিৎসার দরকার কিনা তা নির্ধারণ করার জন্য পুনরায় পরীক্ষা অবিলম্বে করা যেতে পারে।

## আমার শিশুর যদি এই রোগগুলির মধ্যে কোনওটি থাকে তাহলে কি হবে?

সমস্ত পরীক্ষিত রোগগুলির চিকিত্সা রয়েছে যা রোগের প্রভাবকে কমিয়ে তুলতে পারে।

**NYS এ প্রতি দিন জন্মগ্রহণ করা 300টি শিশুর মধ্যে 1টির স্ক্রীনিং করা রোগগুলির মধ্যে একটি থাকে!**

## একটি "পুনরায় পরীক্ষা"-র মানে কি এই যে আমার শিশুর একটি রোগ থাকতে পারে?

আসলে তেমন না। পুনরায় পরীক্ষার অনেক কারণের জন্য প্রয়োজন হতে পারে। সবচেয়ে সাধারণ হল যে রক্ত বিশেষ ফিল্টার কাগজে ঠিকভাবে রাখা হয়নি। সাধারণত এর মানে এই নয় যে আপনার শিশুর কোনও সমস্যা আছে। এর মানে শুধু এই যে রক্তের আরেকটি নমুনা যত তাড়াতাড়ি সম্ভব নেওয়া উচিত।

যখন প্রথম পরীক্ষার ফলাফলগুলি কোনও সমস্যার ইঙ্গিত দেয়, তখন স্ক্রীনিং পরীক্ষাগুলি আবার না করা পর্যন্ত ফলাফলগুলি চূড়ান্ত বলে বিবেচিত হয় না। এর জন্য রক্তের একটি নতুন নমুনার প্রয়োজন হয়। সাধারণভাবে, একটি শিশুর দ্বিতীয় স্ক্রিন অস্বাভাবিক হলেই একজন ডাক্তার আরও ডায়াগনস্টিক পরীক্ষার প্রয়োজন আলোচনা করবে। খুব বিরল উপলক্ষ্যে, যদি কোনও রোগ একটি শিশুকে তাড়াতাড়ি খুব অসুস্থ করে তুলতে পারে, সেক্ষেত্রে ডাক্তার পরীক্ষার দ্বিতীয় শৃঙ্খলার ফলাফলের অপেক্ষায় থাকাকালীন

কখনও কখনও বিশেষ ডায়েট বা অন্যান্য উপচার দ্রুত শুরু করলে উপসর্গগুলি সম্পূর্ণভাবে প্রতিরোধ করা যেতে পারে। এই রোগগুলির বেশিরভাগেরই চিকিত্সা করা খুবই জটিল এবং এমন ডাক্তার দ্বারা করা উচিত যিনি নির্দিষ্ট রোগের বিশেষজ্ঞ।

## আমার নতুন শিশুর যদি একটি রোগ থাকে, তাহলে কি আমার ভবিষ্যত শিশুদের এটা থাকবে?

সেটি রোগের উপর নির্ভর করে। এই রোগগুলির অধিকাংশই জেনেটিক এবং সন্তানরা তাদের বাবা-মায়ের থেকে উত্তরাধিকারসূত্রে পায়। একটি নেগেটিভ নিউবর্ন স্ক্রিন এটির গ্যারান্টি দেয় না যে আপনার ভবিষ্যতের শিশুদের রোগটি থাকবে না। এছাড়াও, নিউবর্ন স্ক্রীনিং এই জিনগত রোগের সব ক্যারিয়ার শিশুদের খুঁজে পায় না। ক্যারিয়ারদের একটি জিন পরিবর্তন থাকে এবং তারা সুস্থ হয়। শিশুরা এবং তাদের বাবা-মায়েরা রোগটির পারিবারিক ইতিহাস ছাড়াই ক্যারিয়ার হতে পারে। অনেক

পরিবার তাদের শিশুটি কীভাবে এই রোগ পেয়েছে এবং তাদের ভবিষ্যত শিশুদের এবং অন্যান্য পরিবারের সদস্যদের রোগ ও ক্যারিয়ারের ঝুঁকিগুলি আরও ভালভাবে বোঝার জন্য জেনেটিক কাউন্সেলিংয়ে যায়। কিছু রোগ উত্তরাধিকারসূত্রে পাওয়া হয় না। উদাহরণস্বরূপ, জন্মগত হাইপোথাইরয়েডিজমের অনেক কারণ রয়েছে, যদিও HIV সংক্রমণ একটি ভাইরাস দ্বারা সৃষ্ট, কোনও জিন পরিবর্তন নয়।

## আমার শিশুর HIV পরীক্ষা কেন করা হয়েছে?

আমরা HIV অ্যান্টিবডির জন্য শিশুর পরীক্ষা করি। যদি পরীক্ষাটি পসিটিভ হয়, তাহলে তার মানে মায়ের ভাইরাসটি আছে এবং আমরা নিশ্চিত করতে চাই যে শিশুটি এই ভাইরাসটি দ্বারা সংক্রামিত নয়। জন্মের আগে, প্রসবের সময় বা বুকের দুধ খাওয়ানো থেকে সংক্রামিত মা থেকে তার শিশুর কাছে HIV প্রেরিত হতে পারে। NYS-এ, অধিকাংশ গর্ভবতী মহিলাদের শিশুর জন্মের আগে HIV পরীক্ষা করা হয়। আদর্শতঃ, গর্ভাবস্থায় এবং প্রসবের সময় HIV সংক্রমণ থেকে শিশুকে রক্ষা করার জন্য মায়ের ঔষধ পাওয়া উচিত।

## এই পরীক্ষাগুলিতে আমার কত খরচ হবে?

কিছুই না। এই পরীক্ষাগুলি পরিবারদের বিনা খরচে সম্পন্ন করা হয়।

## আমার শিশুকে সাহায্য করার জন্য আমি ডাক্তারের কাজ কিভাবে সহজ করতে পারি?

প্রথমত, যে হাসপাতালে আপনার শিশুর জন্ম হবে সেখানকার নার্সকে আপনার শিশুর ডাক্তারের নাম নিশ্চিতভাবে জানাতে হবে যাতে আমরা প্রয়োজনে ডাক্তারের সাথে যোগাযোগ করতে পারি। আপনি যদি আপনার ডাক্তার বদলান, তাহলে ইমেল করে বা কল করে আমাদের জানান (এই পুস্তিকাটির পেছনে দেখুন)। আপনার ডাক্তার যদি আপনাকে পুনরায় পরীক্ষার জন্য আপনার শিশুকে আনতে বলে, সেটা যত তাড়াতাড়ি সম্ভব করুন। দি আপনার শিশুর কোনও রোগ ***থাকে***, দ্রুত পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার যদি টেলিফোন না থাকে, তবে আপনার ডাক্তারকে আপনার সাথে অবিলম্বে যোগাযোগ করতে পারে এমন ব্যক্তির ফোন নাম্বার দিন। আপনি যদি আপনার শিশুর জন্মের কিছুদিনের মধ্যেই স্থানবদল করেন তাহলে আপনার ডাক্তারকে অথবা ক্লিনিককে আপনার নতুন ঠিকানা এবং ফোন নম্বরটি সাথে সাথে জানান। তাহলে আপনার ডাক্তার জানবে যে আপনার সন্তানের আরও পরীক্ষা বা চিকিত্সার প্রয়োজন হলে আপনাকে কোথায় পাওয়া যাবে।

***মনে রাখবেন, সময় খুবই গুরুত্বপূর্ণ।***
আপনার শিশুর ডাক্তার আপনার কাছে কীভাবে পৌঁছাতে পারে তা জানা নিশ্চিত করে আপনার শিশু যাতে যতটা সম্ভব সুস্থ হয় তা নিউবর্ন স্ক্রিনিং প্রোগ্রামটিকে নিশ্চিত করতে একজন বাবা বা মা হিসাবে, আপনি সাহায্য করতে পারেন।

***অবগত থাকুন:* আপনার শিশুর নিউবর্ন স্ক্রিনিং-এর ফলাফলগুলি তার ডাক্তারের কাছ থেকে নিন!**

**নিউবর্ন স্ক্রীনিং সম্পর্কিত আরও অনেক তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন।**

# নিউ ইয়র্ক স্টেট এর নিউবর্ন স্ক্রিনিং প্রোগ্রাম দ্বারা চিহ্নিত রোগ

| গ্রুপ | | রোগ |
|---|---|---|
| এন্ডোক্রায়নোলজি | | কনজেনিটাল অ্যাড্রেনাল হাইপারপ্ল্যাসিয়া (CAH) |
| | | কনজেনিটাল হাইপোথাইরয়েডিজম (CH) |
| হেমাটোলজি, হিমোগ্লোবিনোপ্যাথিস | | Hb SS রোগ (সিকেল সেল অ্যানিমিয়া) |
| | | Hb SC রোগ |
| | | Hb CC রোগ |
| | | অন্যান্য হিমোগ্লোবিনোপ্যাথিস |
| সংক্রামক রোগ | | HIV এক্সপোজার |
| মেটাবলিজমের জন্মগত ত্রুটি | অ্যামিনো এসিড-এর রোগ | হোমোসিস্টিনুরিয়া (HCY) |
| | | হাইপারমেথিওনিনেমিয়া (HMET) |
| | | ম্যাপেল সিরাপ প্রস্রাব রোগ (MSUD) |
| | | ফিনাইলকিটোনিউরিয়া (PKU) এবং হাইপারফিনাইলালানিনেমিয়া (HyperPhe) |
| | | টাইরোসিনেমিয়া (TYR-I, TYR-II, TYR-III) |
| | ফ্যাটি অ্যাসিড অক্সিডেশন-এর রোগ | কার্নিটাইন-অ্যাসিলকারনাটাইন ট্রান্সলোকেজ ডেফিসিয়েন্সি (CAT) |
| | | কার্নিটাইন পামিটয়েলট্রান্সফারেজ I (CPT-I) এবং II (CPT-II) ডেফিসিয়েন্সিগুলি |
| | | কার্নিটাইন আপটেক ডিফেক্ট (CUD) |
| | | 2,4-ডাইয়েনয়েল-CoA রিডাকটেজ ডেফিসিয়েন্সি (2,4Di) |
| | | লং-চেইন 3-হাইড্রক্সিঅ্যাসিল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (LCHAD) |
| | | মিডিয়াম-চেইন অ্যাসিল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (MCAD) |
| | | মিডিয়াম-চেইন কিটোঅ্যাসিল-CoA থায়োলেজ ডেফিসিয়েন্সি (MCKAT) |
| | | মিডিয়াম/শর্ট-চেইন হাইড্রক্সিঅ্যাসিল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (M/SCHAD) |
| | | মাইটোকন্ড্রিয়াল ট্রাইফাঙ্কশনাল প্রোটিন ডেফিসিয়েন্সি (TFP) |
| | | মাল্টিপল অ্যাসিল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (MADD) (গ্লুট্যারিক এসিডেমিয়া টাইপ II (GA-II) নামেও পরিচিত) |
| | | শর্ট-চেইন অ্যাসিল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (SCAD) |
| | | ভেরি লং-চেইন অ্যাসিল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (VLCAD) |

| গ্রুপ | | রোগ |
|---|---|---|
| মেটাবলিজমের জন্মগত ত্রুটি | অর্গানিক অ্যাসিড রোগ | গ্লুট্যারিক এসিডেমিয়া টাইপ I (GA-I) |
| | | 3-হাইড্রক্সি-3-মিথাইলগ্লুটারাইল-CoA লাইয়েজ ডেফিসিয়েন্সি (HMG) |
| | | আইসোবিউটিরাইল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (IBCD) |
| | | আইসোভ্যালেরিক এসিডেমিয়া (IVA) |
| | | ম্যালোনিক এসিডেমিয়া (MA) |
| | | 2-মিথাইলবিউটিরাইল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (2-MBCD) |
| | | 3-মিথাইলক্রোটনাইল-CoA কার্বক্সাইলেজ ডেফিসিয়েন্সি (3-MCC) |
| | | 3-মিথাইলগ্লুটাকনিক অ্যাসিডেমিয়া (3-MGA) |
| | | 2-মিথাইল-3-হাইড্রক্সিবিউটিরাইল-CoA ডিহাইড্রোজেনেজ ডেফিসিয়েন্সি (MHBD) |
| | | মিথাইলম্যালনাইল-CoA মিউটেজ ডেফিসিয়েন্সি (MUT), কোবালামাইন A,B (Cbl A,B) এবং কোবালামাইন C,D (Cbl C,D) কোফ্যাক্টর ডেফিসিয়েন্সিগুলি এবং অন্যান্য মিথাইলম্যালোনিক অ্যাসিডেমিয়াগুলি (MMA) |
| | | মাইটোকন্ড্রিয়াল অ্যাসেটোঅ্যাসেটাইল-CoA থায়োলেজ ডেফিসিয়েন্সি (বিটা–কিটোথায়োলেজ ডেফিসিয়েন্সি) (BKT) |
| | | মাল্টিপল কার্বক্সাইলেজ ডেফিসিয়েন্সি (MCD) |
| | | প্রোপাইওনিক অ্যাসিডেমিয়া (PA) |
| | ইউরিয়া চক্রের রোগ | আরজিনিনেমিয়া (ARG) |
| | | আরজিনিনোসাক্সিনিক অ্যাসিডেমিয়া (ASA) |
| | | সিট্রুলিনেমিয়া (CIT) |
| অন্যান্য জেনেটিক রোগ | | এডরেনোলিউকোডিস্ট্রোফি (X-সংযুক্ত) |
| | | বায়োটিনিডেজ ডেফিসিয়েন্সি (BIOT) |
| | | সিস্টিক ফাইব্রোসিস (CF) |
| | | গ্যালাক্টোসেমিয়া (GALT) |
| | | গুয়ানিডিনোঅ্যাসেটেট মিথাইলট্রান্সফারেজ ডেফিসিয়েন্সি (GAMT) |
| | | ক্র্যাব্বে ডিসিস |
| | | মিউকোপলিস্যাক্যারিডোসিস টাইপ I (MPS I) |
| | | পম্পে ডিসিস |
| | | সিভিয়ার কম্বাইন্ড ইমিউনোডেফিশিয়েন্সি ডিসিস (SCID) |
| | | স্পাইনাল মাস্কুলার অ্যাট্রোফি (SMA) |

নিউ ইয়র্ক স্টেট এর নিউবর্ন স্ক্রীনিং প্রোগ্রাম এবং তালিকার রোগগুলির আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবপেজ **www.wadsworth.org/programs/newborn** তে যান

নিউ ইয়র্ক স্টেট এর নিউবর্ন স্ক্রীনিং প্রোগ্রামটি একটি পরিষেবা যা রাজ্য স্বাস্থ্য বিভাগ দ্বারা নবজাত শিশু থাকা পরিবারদের সরবরাহ করা হয়।

গুরুত্বপূর্ণ: নিউবর্ন স্ক্রিনিং সম্পর্কে প্রশ্ন আছে?
আপনার শিশুর ডাক্তার সম্পর্কে আমাদের তথ্য জানাতে হবে?
লিখুন, কল করুন অথবা আমাদের ওয়েবসাইট দেখুন:

Newborn Screening Program
Wadsworth Center
New York State Department of Health
P.O. Box 22002
Albany NY 12201-2002

ইমেইল: nbsinfo@health.ny.gov

wadsworth.org/programs/newborn

*প্রিয় বাবা-মায়েরা,*

*আপনার সন্তানের নমুনা(গুলি) নিউবর্ন স্ক্রীনিং প্রোগ্রাম দ্বারা অ্যাক্সেস কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয় এমন নিরাপদ অবস্থার অধীনে 10 বছরের জন্য সংরক্ষণ করা হবে। প্রয়োজন দেখা দিলে, আপনার সম্মতি নিয়ে নমুনাগুলি আপনার সন্তানের জন্য রোগনির্ণয়সংক্রান্ত উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে। নমুনাটির একটি অংশ থেকে আপনার সন্তানেকে শনাক্ত করতে পারে এমন সমস্ত তথ্য সরিয়ে ফেলা হবে এবং জনস্বাস্থ্য গবেষণার ক্ষেত্রে এটি ব্যবহার করা যেতে পারে যা সমস্ত প্রযোজ্য আইন এবং নৈতিক নির্দেশিকাগুলির সাথে সম্মতির তত্বাবধানে থাকা বোর্ড দ্বারা পর্যালোচনা এবং অনুমোদিত হয়েছে। আপনি আপনার সন্তানের নমুনা(গুলি) জনস্বাস্থ্য গবেষণায় ব্যবহার হওয়া থেকে আটকাতে বা ধ্বংস করতে নির্দেশাবলীর জন্য (518) 473-7552 নম্বরে কল করতে পারেন। আপনি আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইটে যেতে পারেন অথবা ফর্মের একটি অনুলিপি ডাউনলোড করতে পারেন যা আপনার লিখিত অনুরোধকে সম্মান করার জন্য আমাদের প্রয়োজন। উল্লেখ্য: আপনার অনুরোধে, আমরা নমুনাগুলি সম্পূর্ণরূপে ধ্বংস করে দেব। আপনি জন্ম দেওয়ার 8 সপ্তাহ পর্যন্ত আমরা এটি করতে পারব না।*

NEW YORK STATE | Department of Health